

প্রধানমন্ত্রিত্ব হারানোর পর প্রথমবারের মতো পার্লামেন্টে ইমরান

প্রথম আলো ডেস্ক



ইমরান খান ফাইল ছবি: এএফপি

অনাস্থা ভোটে সদ্য প্রধানমন্ত্রিত্ব হারানো পাকিস্তান তেহরিক-ই-ইনসাফের (পিটিআই) চেয়ারম্যান ইমরান খান আজ সোমবার প্রথমবারের মতো পার্লামেন্টে গেছেন। জাতীয় পরিষদের আজকের অধিবেশনে দেশটির নতুন প্রধানমন্ত্রী নির্বাচিত হওয়ার কথা রয়েছে। খবর জियो নিউজের।

পিটিআই চেয়ারম্যান পার্লামেন্টে পৌঁছালে তার সমর্থনে স্লোগান দিতে থাকেন দলীয় আইনপ্রণেতারা। এ সময় গতকাল রোববার রাতে ব্যাপক বিক্ষোভের মাধ্যমে পিটিআইয়ের শক্তি প্রদর্শনের বিষয়ে জানতে চাইলে ইমরান খান বলেন, ‘সম্মান দেওয়ার মালিক আল্লাহ।’

বিজ্ঞাপন

ইমরান খানকে ক্ষমতাচ্যুত করার প্রতিবাদে তার ডাকে সাড়া দিয়ে রোববার রাতে ব্যাপক বিক্ষোভ প্রদর্শন করেন হাজারো পিটিআই সমর্থক। ইমরানের দাবি, তাকে ক্ষমতাচ্যুত করতে জাতীয় পরিষদে আনা অনাস্থা প্রস্তাব বিদেশি ষড়যন্ত্রের অংশ।

পিটিআইয়ের সংসদীয় দলের সভায় সভাপতিত্ব করবেন ইমরান খান। এতে প্রধানমন্ত্রী নির্বাচনের ভোটাভুটিতে দলের কৌশল চূড়ান্ত করা হবে। পিটিআই থেকে শাহ মাহমুদ কোরেশি প্রধানমন্ত্রী প্রার্থী হয়েছেন। এ ছাড়া জাতীয় পরিষদ থেকে দলীয় আইনপ্রণেতাদের গণপদত্যাগের বিষয়েও সভায় সিদ্ধান্ত নেওয়ার কথা রয়েছে। এ নিয়ে দলে বিভক্তি তৈরি হয়েছে।

প্রধানমন্ত্রিত্ব হারানোর পর সংসদীয় দলের এটাই প্রথম সভা। অনেককে বিস্মিত করে দিয়ে এ দিন দলীয় আইনপ্রণেতাদের অনেকের আগেই পার্লামেন্টে পৌঁছান ইমরান খান।

এদিকে পাকিস্তানের ২৩তম প্রধানমন্ত্রী নির্বাচনে স্থানীয় সময় বেলা ২টায় জাতীয় পরিষদের অধিবেশন শুরু হয়েছে। প্রধানমন্ত্রী পদে পাকিস্তান মুসলিম লিগ-নওয়াজের (পিএমএল-এন) সভাপতি শাহবাজ শরিফ ও পিটিআইয়ের শাহ মাহমুদ কোরেশি প্রার্থী হয়েছেন। শাহবাজের প্রধানমন্ত্রী হওয়ার কেবল আনুষ্ঠানিকতা বাকি বলে মনে করছেন বিশ্লেষকেরা।

বিরোধী জোটের আনা অনাস্থা প্রস্তাবে হেরে গত শনিবার মধ্যরাতে বিদায় নেন পাকিস্তানের ২২তম প্রধানমন্ত্রী ইমরান খান। নতুন নির্বাচনের আগে জাতীয় সরকারের আদলে সরকার গঠন করতে যাচ্ছে বিরোধী দলগুলো। আগামী ছয় মাস থেকে এক বছরের মধ্যে নতুন নির্বাচন হওয়ার কথা রয়েছে।



 **prothomalo.com**

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ২০২২ প্রথম আলো